

ভর্তি

বিএসএমএমইউতে নার্সিংয়ে ভর্তি আবেদনের সংশোধনী প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বিএসএমএমইউ ফাইল ছবি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নার্সিং অনুষদে ২০২২-২৩ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে প্রথম বর্ষে ভর্তির আবেদন চলছে। নার্সিংয়ে ভর্তি আবেদনে সংশোধনী প্রকাশ করেছে বিএসএমএমইউ। আগে ৯ মে পর্যন্ত আবেদনের তারিখ ছিল। আবেদনের সময় বাড়ানো হয়েছে। এখন আগ্রহীরা অনলাইনে ৩০ মে পর্যন্ত আবেদন করতে পারবেন।

আবেদনের যোগ্যতা

এসএসসি বা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০১৯ ও ২০২০ সালে এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০২১ ও ২০২২ সালে অনুষ্ঠিত পরীক্ষার উন্নীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

* এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমানের পরীক্ষাগুলোর জিপিএর যোগফল ন্যূনতম ৭ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ-৩-এর কম হলে চলবে না। উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ-৩ থাকতে হবে।

* প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে। কোর্স চলাকালে বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারবেন না। কোর্সের যেকোনো পর্যায়ে বিবাহিত প্রমাণিত হলে ভর্তি বাতিল করা হবে।

বয়সসীমা

চলতি বছরের ৩০ মে আবেদনকারীর বয়স অনুধৰ্ব-২২ বছর হতে হবে।

আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে [অনলাইনে](#) আবেদন করতে হবে।

পরীক্ষা করবে

৩ জুন (আগে ছিল ২৬ মে) সকাল ১০টায় বিএসএমএমইউ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। পরীক্ষার ফলাফল ৩ জুন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://bsmmu.edu.bd>) প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষা ৭ জুন সকাল ৯টায় গ্যাজুয়েট নার্সিং বিভাগ, একাডেমিক ভবন, বিএসএমএমইউ, পরীবাগ, ঢাকায় হবে।

* বিস্তারিত জানতে [ক্লিক করুন](#) এখানে।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো